



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

**৪০তম বিসিএস পরীক্ষা**

# বিজ্ঞপ্তি

নথি নম্বর: ৮০.০০.০০০০.২০০.৫৬.০৬৩.১৯ (অংশ-২)-১১২৩ তারিখ : ০১.০৩.২০২০ খ্রি.

**ঢাকা. চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রে অনুষ্ঠেয় ৪০তম বিসিএস-এর পদসংশ্লিষ্ট বিষয়ের লিখিত পরীক্ষার হল ও আসনব্যবস্থা এবং জরুরি নির্দেশাবলি।**

**পদসংশ্লিষ্ট বিষয়সমূহের কেন্দ্রেভিত্তিক হল, আসনব্যবস্থা ও সময়সূচি।**

**তারিখ ও সময়:** ৮ এবং ৯ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার সময়সূচি ও আসনব্যবস্থা নিম্নে উল্লেখ করা হলো :

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময় : সকাল ১০টা - দুপুর ২টা (৪ ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|---|
| ০৮.০৩.২০২০<br>রবিবার | ঢাকা কেন্দ্র | শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ | ১. গণিত (৫৫১)<br>২. ফলিত গণিত (৫৬১)<br>৩. প্রাণিবিদ্যা (৫৯১)<br>৪. মার্কেটিং (৭২১) |
| | | গণ ভবন সরকারি উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ | ১. ইলেকট্রনিক্স (২৭১)<br>২. পুরকৌশল (৮৮১)<br>৩. তড়িৎকৌশল (৮৯১)<br>৪. যন্ত্রকৌশল (৯০১) |
| | | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় , হুমায়ন রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১. ফিন্যান্স (৭১১)<br>২. ব্যবস্থাপনা (৭৩১) |
| | | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ধানমন্ডি, ঢাকা | ইংরেজি (১২১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১. উদ্ভিদবিদ্যা (৫৮১)<br>২. হিসাববিজ্ঞান (৭০১) |
| | | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয় সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১. ইতিহাস (১৮১)<br>২. রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) |
| | রাজশাহী কেন্দ্র | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | ১. ইংরেজি (১২১)<br>২. উদ্ভিদবিদ্যা (৫৮১)<br>৩. হিসাববিজ্ঞান (৭০১)<br>৪. ফিন্যান্স (৭১১)<br>৫. ব্যবস্থাপনা (৭৩১)<br>৬. ইতিহাস (১৮১)<br>৭. রাষ্ট্রবিজ্ঞান (৩৪১)<br>৮. ইলেকট্রনিক্স (২৭১)<br>৯. পুরকৌশল (৮৮১)<br>১০. তড়িৎকৌশল (৮৯১)<br>১১. যন্ত্রকৌশল (৯০১)<br>১২. গণিত (৫৫১)<br>১৩. ফলিত গণিত (৫৬১)<br>১৪. প্রাণিবিদ্যা (৫৯১)<br>১৫. মার্কেটিং (৭২১) |
| | চট্টগ্রাম কেন্দ্র | ড: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম | |
| | খুলনা কেন্দ্র | সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খালিশপুর, খুলনা | |
| | বরিশাল কেন্দ্র | সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল | |
| | সিলেট কেন্দ্র | সিলেট সরকারি কলেজ, সিলেট | |
| | রংপুর কেন্দ্র | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | ময়মনসিংহ কেন্দ্র | মুমিনুন্নিসা সরকারী মহিলা কলেজ, ময়মনসিংহ | |

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময় ঃ সকাল ১০টা - দুপুর ২টা (৪ ঘণ্টা)<br>বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|---|
| ০৯.০৩.২০২০<br>সোমবার | ঢাকা কেন্দ্র | শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় , শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ | ১. ভূগোল (৩১১)<br>২. অর্থনীতি (৩৩১)<br>৩. গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান (৪১১)<br>৪. মেডিকেল সায়েন্স (৭৭১)<br>৫. মনোবিজ্ঞান (১৭১)<br>৬. পশুপালন (৮৩১)<br>৭. পশুচিকিৎসা বিজ্ঞান (৮৪১) |
| | | গণ ভবন সরকারি উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ | ১. মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১)<br>২. মৎস্যবিজ্ঞান (৮৫১)<br>৩. কৃষি (৮০১) |
| | | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ন রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১. পদার্থবিদ্যা (৫১১)<br>২. ফলিত পদার্থ (৫২১)<br>৩. পরিসংখ্যান (৯৮১) |
| | | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ধানমন্ডি, ঢাকা | ১. আরবি (১৩১)<br>২. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১)<br>৩. ইসলামী শিক্ষা (২০১)<br>৪. শিক্ষা (২২১)<br>৫. বাংলা (১১১)<br>৬. দর্শন (২১১)<br>৭. সংস্কৃত (১৫১)<br>৮. নার্সারি স্কুল ও সামাজিক সম্পর্ক (৬৩১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১. সমাজ বিজ্ঞান (৩৫১)<br>২. সমাজকল্যাণ (৩৬১)<br>৩. গার্হস্থ্য অর্থনীতি (৩৯১) |
| | | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১. রসায়ন (৫৩১)<br>২. ফলিত রসায়ন (৫৪১)<br>৩. প্রাণ রসায়ন (৬০১) |
| | রাজশাহী কেন্দ্র | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | ১. রসায়ন (৫৩১)<br>২. ফলিত রসায়ন (৫৪১)<br>৩. প্রাণ রসায়ন (৬০১)<br>৪. মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১)<br>৫. মৎস্যবিজ্ঞান (৮৫১)<br>৬. কৃষি (৮০১)<br>৭. পদার্থবিদ্যা (৫১১)<br>৮. ফলিত পদার্থ (৫২১)<br>৯. পরিসংখ্যান (৯৮১)<br>১০. সমাজ বিজ্ঞান (৩৫১)<br>১১. সমাজকল্যাণ (৩৬১)<br>১২. গার্হস্থ্য অর্থনীতি (৩৯১)<br>১৩. ভূগোল (৩১১)<br>১৪. অর্থনীতি (৩৩১)<br>১৫. গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান (৪১১)<br>১৬. মেডিকেল সায়েন্স(৭৭১)<br>১৭. মনোবিজ্ঞান (১৭১)<br>১৮. পশুপালন (৮৩১)<br>১৯. পশুচিকিৎসা বিজ্ঞান (৮৪১)<br>২০. আরবি (১৩১)<br>২১. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১)<br>২২. ইসলামী শিক্ষা (২০১)<br>২৩. শিক্ষা (২২১)<br>২৪. বাংলা (১১১)<br>২৫. দর্শন (২১১)<br>২৬. সংস্কৃত (১৫১)<br>২৭. নার্সারি স্কুল ও সামাজিক সম্পর্ক (৬৩১) |
| | চট্টগ্রাম কেন্দ্র | ড: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম | |
| | খুলনা কেন্দ্র | সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খালিশপুর, খুলনা | |
| | বরিশাল কেন্দ্র | সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল | |
| | সিলেট কেন্দ্র | সিলেট সরকারি কলেজ, সিলেট | |
| | রংপুর কেন্দ্র | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | ময়মনসিংহ কেন্দ্র | মুমিনুন্নিসা সরকারী মহিলা কলেজ, ময়মনসিংহ | |

পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনা:

১. ক. প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় হবে ৪(চার) ঘণ্টা ।

খ. লিখিত পরীক্ষায় গড় ন্যূনতম পাস নম্বর হবে ৫০%। লিখিত পরীক্ষায় কোনো প্রার্থী কোনো বিষয়ে ৩০% নম্বরের কম পেলে তিনি উক্ত বিষয়ে কোনো নম্বর পাননি বলে গণ্য হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন।

গ. সাধারণ ক্যাডারের সঙ্গে কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য পছন্দদানকারী এবং শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য পছন্দদানকারী প্রার্থীর বেলায় কারিগরি/পেশাগত ক্যাডার সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয়ে ২০০ নম্বরের ৪ ঘণ্টা সময়ের একটি একক বিষয়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

ঘ. **লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাস করতে হবে।**

২. **প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড লাগালে বিজ্ঞাপনের ৩০(চ)-অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল হবে। কাজেই এ ব্যাপারে প্রার্থীদেরকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।**

৩. লিখিত পরীক্ষার জন্য প্রার্থীর নামে নতুন করে কোনো প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য প্রাপ্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই প্রার্থীদেরকে পরীক্ষার দিন প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য অনলাইনে গৃহীত প্রবেশপত্রসহ পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশনা অত্যন্ত মনোযোগের সাথে পড়ে তদনুযায়ী অনুসরণ করতে হবে। **উল্লেখ্য প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৪. **পরীক্ষায় অসদুপায় প্রতিরোধকল্পে প্রার্থীদের নিম্নোক্ত বিষয়গুলো গুরুত্বের সাথে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :**

ক. **পরীক্ষা হলে বই-পুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না।**

খ. **পরীক্ষা হলের গেটে ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে নিষিদ্ধ ঘোষিত উল্লিখিত সামগ্রী metal detector এর সাহায্যে সার্চ করে এবং প্রবেশপত্র চেক করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে।**

গ. **পরীক্ষার সময় প্রার্থীগণ মুখ ও কানের উপর কোনো আবরণ রাখবেন না।**

ঘ. **পরীক্ষার হলে প্রার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।**

ঙ. **পরীক্ষা হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড বা তৎ সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।**

চ. **পরীক্ষা হলে উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ প্রবেশ করলে, নির্দেশনা অমান্য করলে বা পরীক্ষার হলে কোনোরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪-এর বিধান অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে।**

ছ. **পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট মোবাইল ফোন/ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র, ক্যালকুলেটর বা উপরোক্ত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

জ. **ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগ পরীক্ষার জন্য এ ধরনের প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে।**

ঝ. **কাজেই পরীক্ষার দিন কোনোভাবেই মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা কোনো প্রকার ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র এবং উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী সঙ্গে না আনার জন্য প্রার্থীদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।**

ঞ. **বিসিএস পরীক্ষা বিধিমালার বিধান অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোর্পদ করা যাবে এবং সার্ভিসে নিয়োগের পর কোনো প্রার্থীর ক্ষেত্রে এইরূপ তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৫. **গণিত, ফলিত গণিত, পদার্থবিদ্যা, ফলিত পদার্থ, ইলেকট্রনিক্স, হিসাব বিজ্ঞান, মার্কেটিং, কম্পিউটার সায়েন্স, পরিসংখ্যান ও ইঞ্জিনিয়ারিং বিষয়সমূহের ক্ষেত্রে non programmable সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।**

৬. **হল কর্তৃপক্ষ হলের মূল গেটে এবং প্রতি কক্ষের সামনে কক্ষভিত্তিক আসন ব্যবস্থা প্রদর্শন করবেন।**

৭. Admit Card হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং User ID/ Password ভুলে গেলে কমিশনের Website এর সংশ্লিষ্ট Home page এর Admit Card Menu-তে ক্লিক করলে User Recovery ও Password Recovery বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে এবং Admit Card download করে প্রিন্ট করা যাবে।

৮. **হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে; মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৯. **পরীক্ষার দিনসমূহে জাতীয় পরিচয়পত্র সাথে রাখার জন্য প্রার্থীদেরকে অনুরোধ করা হলো। পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর এবং প্রয়োজনে জাতীয় পরিচয়পত্র (NID) পরীক্ষা করবেন।**

১০. **প্রবেশপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবির মিল রয়েছে কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। প্রার্থীর ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের নাম ও রেজিস্ট্রেশন নম্বরের কোনোরূপ গরমিলসহ অনিয়ম ধরা পড়লে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১১. লিখিত পরীক্ষা শুরু হওয়ার **১৫ মিনিট** পর কোনো প্রার্থীকে পরীক্ষা হলে প্রবেশ করতে দেয়া হবে না।

১২. **অনলাইনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য এবং বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী প্রদত্ত ডিক্লারেশন এর ভিত্তিতে প্রার্থীকে অনলাইনে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ২১ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোনো Substantive ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

১৩. এ পরীক্ষায় যেকোনো অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হবে। উল্লেখ্য, কোনো প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোনো অসদুপায় অবলম্বন করলে, মোবাইলফোন/ইলেকট্রনিক ডিভাইস/নিষিদ্ধ সামগ্রীসহ পরীক্ষা কক্ষে প্রবেশ করলে বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৪১ নম্বর অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। প্রয়োজনে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত দোষী প্রার্থীকে সোপর্দ করা হবে।

১৪. **৪০তম বিসিএস এর লিখিত পরীক্ষা Double Lithocode এবং Barcode সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে বিধায় প্রচলিত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় একটি লিথোকোড OMR কম্পিউটার ফরম সংযুক্ত থাকবে। উক্ত OMR ফরমের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে :**

**ক.** লিখিত পরীক্ষার দিনসমূহে প্রতিটি বিষয়ের জন্য প্রার্থীদের লিথোকোডযুক্ত একটি মূল উত্তরপত্র দেয়া হবে। সংযুক্ত লিথোকোড ফরমে প্রার্থীর জন্য নির্ধারিত প্রথম অংশে প্রার্থী তার নাম লিখবেন, বিষয় কোডের ঘরে এই পরীক্ষাসূচির প্রথমাংশে পদসংশ্লিষ্ট বিষয়ের নামের পাশে উল্লিখিত প্রার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফরমের 'বিষয় কোডের' ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন '(পদসংশ্লিষ্ট)' বিষয়ের কোড **১২১**। সেক্ষেত্রে বিষয় কোডের ঘরে ১২১ লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

**খ.** প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮(আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরটি উপরের ঘরে লিখবেন। কোনো প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৮ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের লিথোকোডের সংশ্লিষ্ট ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ ভরাট করবেন।

**গ.** নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। পরীক্ষার নামের ঘরে **'৪০তম বিসিএস লিখিত পরীক্ষা'** এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন।

**ঘ.** পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

**ঙ.** অতিরিক্ত খাতার ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। কোনো প্রার্থী **১**টি অতিরিক্ত খাতা নিলে প্রথম বৃত্ত, **২**টি খাতা নিলে ২য় বৃত্ত এবং ৩টি খাতা নিলে ৩য় বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পর্যায়ক্রমে প্রয়োজন অনুযায়ী পূরণ করবেন।

**চ.** **বিশেষভাবে উল্লেখ্য যে, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত লিথোকোড ফরমের প্রথম অংশে কেন্দ্র, বিষয়কোড, অতিরিক্ত খাতার নম্বরের ঘরে কোনোরূপ কাটাকাটি করলে এবং লিথোকোড অংশে কোনো দাগ দিলে কিংবা ফ্লুইড লাগালে উক্ত উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।**

**ছ.** মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি কোনাভাবেই লিখবেন না। লিখলে বা কোনোরূপ সাংকেতিক চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

১০.০৬.২০২০

[আ.ই.ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]